

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 07-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Vice President :

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন দুদিনের রাজ্য সফরে আজ রাজ্যে আসছেন। লোকভবনে রাত্রিযাপনের পর উপরাষ্ট্রপতি আগামীকাল আগরতলায় অ্যালবার্ট একা ওয়ার মেমোরিয়ালে বীর সোনালীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন। এরপর উদয়পুরে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরে পূজা দেবার পর আগরতলায় ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের চতুর্দশ সমাবর্তন উৎসবে যোগ দেবেন। ঐদিন দুপুরে উপরাষ্ট্রপতি আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে স্ব-সহায়ক দলের স্টল পরিদর্শন করবেন ও লাখপতি দিদিদের সঙ্গে মতবিনিময় করবেন। ঐদিন দুপুরেই তিনি নতুন দিল্লির উদ্দেশ্যে রওনা হবেন। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, উপরাষ্ট্রপতির সফর ঘিরে বিমানবন্দর থেকে আমতলী পর্যন্ত ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। এ উপলক্ষে দুদিন রাস্তায় যান চলাচলে বেশকিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

PM Webinar :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন সরকার কৃষিতে 'প্রযুক্তি সংস্কৃতি' আনার উপর জোর দিচ্ছে। গতকাল ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে 'কৃষি ও গ্রামীণ রূপান্তর' থিমের উপর বাজেট-পরবর্তী এক ওয়েবিনারে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন সরকার অ্যাগ্রিস্ট্যাকের মাধ্যমে কৃষির জন্য ডিজিটাল পাবলিক অবকাঠামো তৈরি করছে। তিনি কিশাণ আইডি তৈরি এবং ডিজিটাল ভূমি জরিপকে রূপান্তরমূলক পদক্ষেপ হিসেবে উল্লেখ করেছেন। এআই-ভিত্তিক প্ল্যাটফর্ম এবং ডিজিটাল জরিপের ভূমিকা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, সরকার কৃষিক্ষেত্রে ক্রমাগত শক্তিশালী করে চলেছে।

BAC Meeting :

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আগামী ১৩ই মার্চ থেকে শুরু হবে। চলবে ২৫শে মার্চ পর্যন্ত। গতকাল বিধানসভায় বিজনেস অ্যাডভাইজরি কমিটির বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী রতন লাল নাথ এখবর জানান। তিনি জানান, আগামী ১৩ই মার্চ রাজ্যপালের ভাষণ দিয়ে অধিবেশন শুরু হবে। এরপর বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানানো হবে। ১৬ই মার্চ অর্থমন্ত্রী প্রণজিত সিংহ রায় ২০২৬-২৭ অর্থবর্ষের বাজেট এবং ২০২৫-২৬ অর্থবর্ষের সংশোধিত বাজেট পেশ করবেন। তিনি বলেন, বাজেট ভাষণের পরবর্তী দিন তিনটি গুরুত্বপূর্ণ বিল উত্থাপন করা হবে।

SLCC :

আগামী ১৭ই জুলাই থেকে রাজ্যে জনগণনার কাজ শুরু হবে। গতকাল সচিবালয়ের স্টেট লেভেল সেনসাস কো-অর্ডিনেশন কমিটির এক বৈঠকে স্টেট সেনসাসের নোডাল অফিসার এলটি ডার্লং বলেন, রাজ্যে দুটি পর্যায়ে জনগণনা করা হবে। প্রথম ধাপে হবে আবাসন গণনা ও বাড়ির তালিকা প্রণয়ন। দ্বিতীয় ধাপে হবে জনসংখ্যা গণনা। ২০২৬ সালের ১৭ই জুলাই থেকে ৩১শে জুলাই পর্যন্ত হবে সেলফ এনুমারেশন এবং এ বছরেরই পয়লা আগস্ট থেকে ৩০শে আগস্ট পর্যন্ত প্রথম পর্যায়ে হবে আবাসন গণনা ও বাড়ির তালিকা প্রণয়নের কাজ। দ্বিতীয় ধাপে ২০২৭ সালের ৯ই ফেব্রুয়ারি থেকে ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত হবে জনসংখ্যা গণনার কাজ।

Bikash Debbarma-Dhalai :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন জনজাতিদের উন্নয়ন ছাড়া উন্নত ত্রিপুরা গড়ে তোলা সম্ভব নয়। তাই বিভিন্ন প্রকল্পের সুবিধা প্রত্যন্ত

এলাকার মানুষের কাছে পৌঁছে দিতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। গতকাল ধলাই জেলার আমবাসা মহকুমার রু পুনর্বাসন কেন্দ্র পরিদর্শনে গিয়ে একথা বলেন তিনি। সেখানে স্থানীয়দের সঙ্গে কথা বলে তাদের দৈনন্দিন সমস্যা ও চাহিদার কথা শোনে এবং সমস্যা দ্রুত নিরসনের আশ্বাস দেন তিনি।

Clean Hostel Green Hostel Campaign :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন আবাসিক হোস্টেলগুলিকে পরিবেশবান্ধব করে গড়ে তোলার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে দায়িত্ববোধ ও সচেতনতা বৃদ্ধি অনেকটাই সম্ভব। গতকাল আমবাসার পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউট-এর কনফারেন্স হলে অনুষ্ঠিত ক্লিন হোস্টেল গ্রিন হোস্টেল ক্যাম্পেইন-এর জেলাভিত্তিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে জেলার বিভিন্ন হোস্টেল কর্মকর্তাদের সম্মাননা ও পুরস্কার প্রদান করা হয়।

Prevention of child marriage :

বাল্যবিবাহ প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গতকাল করবুক মহকুমার শিলাছড়ি ও করবুক ব্লক এলাকার ঘোড়াকান্ধা বাজার ও করবুক বাজার এলাকায় পথনাটক অনুষ্ঠিত হয়। ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে অমরপুরের চার্বাক নাট্য সংস্থার শিল্পীগণ পথনাটক পরিবেশন করেন।

Rice Paddy Export :

ত্রিপুরার সুগন্ধি চাল অর্গানিক কালিখাসা ও হরিনারায়ন ধান রপ্তানি হলো রেলপথে। গতকাল আগরতলা রেল স্টেশনে এক অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতন লাল নাথ ও বনমন্ত্রী অনিমেস দেববর্মা পতাকা নেড়ে কলকাতায় রপ্তানীর

উদ্দেশ্যে এই ধান ও চাল রপ্তানির সূচনা করেন। এদিন তিন মেট্রিকটন ধান ও চাল রপ্তানী করা হয়। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকারের মূল লক্ষ্য হলো কৃষকের আয় বৃদ্ধি করা। রাজ্য সরকার প্রথম দিন থেকেই এই লক্ষ্যে কাজ করছে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।
